ঝিনাইদহে বিভিন্ন কর্মসুচীর মাধ্যমে জলাতংক দিবস পালিত

ঝিনাইদহে জলাতংক দিবস উপলক্ষে বিভিন্ন কর্মসুচী পালন করা হয়েছে। রবিবার (২৮ সেপ্টেম্বর) সকালে ঝিনাইদহ জেলা প্রাণি সম্পদ দপ্তরের আয়োজনে এসব কর্মসূচি পালন করা হয়। দিবসটি উপলক্ষে র্যালি, ফ্রি ভ্যাক্সিনেশন কর্মসূচী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দিবসের শুরুতে অফিসের সামনে থেকে একটি র্যালি বের করা হয়, র্যালিটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিন করে পুনরায় জেলা প্রাণি সম্পদের কার্যলয়ে এসে শেষ হয়। সেখানে ফ্রি ভ্যাক্সিনেশন অনুষ্ঠিত হয়।

এরপর জেলা প্রাণিসম্পদ কার্যালয়ের সম্মেলন কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ছিলেন ঝিনাইদহ সিভিল সার্জন ডা: মো: কামরুজ্জামান, বিশেষ অতিথি হিসেবে জেলা ভেটেরিনারি অফিসার ডা: সনজিৎ কুমার বিশ্বাস উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঝিনাইদহ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা: এ.এম আতিকুজ্জামান। অনুষ্ঠান পরিচালনা করেন ঝিনাইদহ সদর উপজেল প্রাণিসম্পদ কর্মকর্তা ডা: মো: রেজাউল করিম। জলাতংক দিবসের কনটেন্ট তৈরী করেন সদর উপজেলা ভেটেরিনারি সার্জন তারেক মুসা। এসময় আরো উপস্থিত ছিলেন জেলার ৬ টি উপজেলার প্রাণিসম্পদ কর্মকর্তাবৃন্দ।